

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৩. রায় বা মত পোষণ করা অপছন্দনীয় বিষয়ে

بَابٌ فِي كَرَاهِيَةِ أَخْذِ الرَّأْي

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي خَلَف، حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْم، حَدَّثَنِي جَعْفَرُ بْنُ مُحَمَّد، عَنْ أَبِيهِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيِّ _ رَضِيَ اللَّهُ عَنْهُمَا _ قَالَ: خَطَبَنَا رَسُولُ اللَّهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّم فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: إِنَّ أَفْضَلَ الْهَدْيِ هَدْيُ مُحَمَّدٍ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّم، وَشَرَّ الْأُمُورِ مُحْدَثَاتُهَا، وَكُلَّ بِدْعَةٍ ضَلَالَةٌ

إسناده حسن من أجل يحيى بن سليم ولكنه لم ينفرد به بل تابعه عليه عبد الوهاب الثقفي وسليمان بن بلال وسفيان فيصبح الإسناد

বাংলা

২১২. জাবির ইবনু আন্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের উদ্দেশ্যে বক্তৃতা করলেন। প্রথমে তিনি আল্লাহর প্রশংসা ও তা'রীফ করলেন, তারপর বললেন: 'সর্বোত্তম হেদায়াত (পথ-নির্দেশনা) হল মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর হেদায়াত, সবচেয়ে নিকৃষ্ট কাজ হচ্ছে নতুন প্রবর্তিত কাজ। আর প্রত্যেক বিদ'আতই (নব উদ্ভাবন) ভ্রষ্টতা।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান, ইয়াহইয়া ইবনু সালীম এর কারণে। তবে তিনি এ বর্ণনায় একাকী নন, এতে তার অনুসরণ করেছেন আব্দুল ওয়াহাব ছাকাফী ও সুলাইমান ইবনু বিলাল এবং সুফইয়ান। ফলে তা সহীহ'র স্তরে উন্নীত হয়। আল্লাহই ভাল জানেন। তবে এটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন। (তবে শাইখ আলবানী ও আরনাউত্ব একে সহীহ বলেছেন, দেখুন, আলবানী, আল ইহসান ও এবং সহীহ ইবনু হিববান, তাহকীক: আরনাউত্ব নং ১০-অনুবাদক।)



তাখরীজ: এর বিস্তারিত তাখরীজ করেছি আমার তাহকীককৃত, মুসনাদে মাউসিলী ৪/৮৫ নং ২১১১ ও ২১১৯ এ। (সহীহ, বুখারী ৬০৯৮, ৭২৭৭; সহীহ মুসলিম, কিতাবুল জুমু'আ, (৪৩,৪৪,৪৫)(৮৬৭), নাসাঈ ৩/১৮৮; আহমাদ, আল মুসনাদ ৩/৩১০, ৩৩৮, ৩৭১; সহীহ ইবনু হিব্বান, ১০। - অনুবাদক)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন